বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৯৬ তারিখঃ ২৬ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
০৯ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ০৮/০৫/২০২২ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন মোতাবেক গত ০৮ মে ২০২২ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে কমিশনার হিসেবে যোগদান করেছেন অধ্যাপক ড. রুমানা ইসলাম। অদ্য ০৯ মে ২০২২ তারিখ সকাল ৯.০০ টায় ধানমন্ডি ৩২ নম্বরে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন নবনিযুক্ত কমিশনার অধ্যাপক ড. রুমানা ইসলাম। পুষ্পার্ঘ অর্পণ শেষে তিনি বঙ্গবন্ধু ভবনে রক্ষিত মন্তব্য খাতায় স্বাক্ষর করেন। এসময় কমিশনের অতিরিক্ত পরিচালক আবুল কালাম আজাদ এবং কমিশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

09-05-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd





